# রূপগঞ্জ প্রেসক্লাবের নতুন কমিটি, সভাপতি ছাত্তার আলী, সম্পাদক হানিফ মোল্লা




ছবি: সংগৃহীত

দীর্ঘ প্রায় ১৮ বছর পর নারায়ণগঞ্জের রূপগঞ্জ প্রেসক্লাবের নতুন দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়েছে। গতকাল (২০ আগস্ট) বৃহস্পতিবার সন্ধ্যায় পূর্বাচলের সাংবাদিক কার্যালয়ে সাধারণ সদস্যদের কণ্ঠভোটে ২৫ সদস্যের এ কমিটি নির্বাচিত হয়।
নতুন কমিটিতে মোহনা টেলিভিশনের রূপগঞ্জ প্রতিনিধি ছাত্তার আলী সোহেলকে সভাপতি এবং ভোরের কাগজের প্রতিনিধি হানিফ মোল্লাকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

কমিটির সিনিয়র সহ-সভাপতি হয়েছেন দৈনিক জনতার মাসুদ করিম। সহ-সভাপতির দায়িত্ব পেয়েছেন দৈনিক যায়যায়দিন ও মাই টিভির প্রতিনিধি মকবুল হোসেন এবং এনটিভির আবুল কালাম শাকিল।

LENS ASIA

যুগ্ম সাধারণ সম্পাদক হয়েছেন নাগরিক টিভি ও খোলা কাগজের মাহবুব আলম প্রিয় এবং আরটিভির রুবেল মাহমুদ। সাংগঠনিক সম্পাদক হয়েছেন দেশ টিভির প্রতিনিধি রাসেল মাহমুদ। সহ-সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন বৈশাখী টিভির প্রতিনিধি এসএম আবু কাউসার।

কোষাধ্যক্ষ হয়েছেন জাগো নিউজ ও দৈনিক সংগ্রামের প্রতিনিধি নাজমুল হুদা এবং সহ-কোষাধ্যক্ষ হয়েছেন এটিএন নিউজের মাল্টিমিডিয়া করেসপন্ডেন্ট পারভেজ মিয়া। দপ্তর সম্পাদক পদে রয়েছেন দৈনিক কালবেলার শরিফ ভূঁইয়া। প্রচার ও প্রকাশনা সম্পাদক হয়েছেন দৈনিক এদিনের এসএ সাকের।

তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক হয়েছেন গ্লোবাল টিভি ও জাতীয় অর্থনীতি পত্রিকার প্রতিনিধি এনামুল হক। ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হয়েছেন যায়যায়দিনের মাল্টিমিডিয়া করেসপন্ডেন্ট রিপন মিয়া। আইন ও মানবাধিকার বিষয়ক সম্পাদক হয়েছেন দৈনিক জনকণ্ঠের নুরে আলম এবং সমাজকল্যাণ সম্পাদক হয়েছেন দৈনিক সংবাদের এমদাদুল হক দুলাল। প্রশিক্ষণ ও গবেষণা সম্পাদকের দায়িত্বও কমিটিতে রাখা হয়েছে।

কার্যকরী সদস্য হিসেবে রয়েছেন দৈনিক ভোরের আকাশের ব্যবস্থাপনা সম্পাদক আলম হোসেন, দৈনিক নয়াদিগন্তের সফিকুল আলম মামুন, দৈনিক আমার সংবাদের নিজামউদ্দিন, যমুনা টেলিভিশন ও মানবজমিনের স্টাফ করেসপন্ডেন্ট জয়নাল আবেদীন জয়, একাত্তর টেলিভিশনের রিয়াজ হোসেন, দৈনিক জনতার প্রতিনিধি আনোয়ার হোসেন, চ্যানেল এসের রিপোর্টার গোলাম কাউসার দিলু এবং দৈনিক আজকের বাংলার সম্পাদক শেখ সুমন।

নতুন কমিটির নেতারা রূপগঞ্জে কর্মরত সাংবাদিকদের পেশাগত স্বার্থ সংরক্ষণ, পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি এবং সাংবাদিকতার মানোন্নয়নে সম্মিলিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।